

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩১৯

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তিকে মহান আল্লাহ যে সৎকাজ করার তাওফিক দিয়েছেন, মানুষ যাতে তা অনুসরণ করতে পারে এজন্য তা প্রকাশ করা জায়েয তবে এর মাধ্যমে প্রশংসা কুড়িয়ে নিজের খাহেশাত পূরণ করা জায়েয নেই

ذِكْرُ الْبَيَانِ أَنَّ الْمَرْءَ مُبَاحٌ لَهُ أَنْ يُظْهَرَ مَا أَنْعَمَ اللَّهُ عَلَيْهِ مِنَ التَّوْفِيقِ لِلطَّاعَاتِ إِذَا قَصَدَ بِذَلِكَ التَّأْسِيَّ فِيهِ دُونَ إِعْطَاءِ النَّفْسِ شَهَوَاتَهَا مِنَ الْمَدْحِ عَلَيْهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّازُ حَدَّثَنَا مُؤَمِّلُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ سُلَيْمَانَ بْنِ الْمُغِيرَةِ حَدَّثَنَا ثَابِتٌ عَنْ أَنَسٍ قَالَ: (وَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا أَصْبَحَ قِيلَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَثَرَ الْوَجَعِ عَلَيْكَ بَيِّنٌ قَالَ: (إِنِّي عَلَى مَا تَرَوْنَ قَرَأْتُ الْبَارِحَةَ السَّبْعَ الطُّوْلَ).
الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :
التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 319 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৩১৯. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুব কষ্ট করেন। পরদিন সকালে তাঁকে বলা হলো: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার মাঝে কষ্টের ছাপ স্পষ্ট বুঝা যাচ্ছে!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তোমরা যা দেখতে পাচ্ছে সেটা এজন্য যে, আমি গতরাতে (নফল সালাতে) বড় বড় সাতটি সুরা পড়েছি।”[1]

ফুটনোট

[1] মাজমা'উয যাওয়াইদ: ২/২৭৪।

হাদীসটির সানাদের ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আয যঈফা: ৩৯৯৫)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88618>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন